

পবিত্র ঈদুল ফিতর ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি	: মোঃ নাজমুল হক সুমন উপজেলা নির্বাহী অফিসার পীরগাছা, রংপুর।
সভার স্থান	: উপজেলা পরিষদ হলরুম।
সভার তারিখ	: ০৮/০৪/২০২৪ খ্রি।
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”।

উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভায় জানান যে, চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১১ এপ্রিল ২০২৪ তারিখ পবিত্র ঈদ-উল ফিতর অনুষ্ঠিত হবে। জাতীয় কর্মসূচির আলোকে যথাযোগ্য মর্যাদায় পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উদযাপনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	কর্মসূচি/সিদ্ধান্ত	সময়	ব্যবস্থাপনায়/বাস্তবায়ন
১.	সরকারি/বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	সূর্যোদয়ের সাথে সাথে	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধান
২.	পীরগাছা জে.এন ঈদগাহ মাঠসহ অন্যান্য ঈদগাহ মাঠে ঈদ-উল-ফিতরের জামায়াত অনুষ্ঠিত হবে।	সুবিধাজনক সময়ে	সংশ্লিষ্ট ঈদগাহ মাঠ কমিটি/ইসলামিক ফাউন্ডেশন
৩.	হাসপাতাল, শিশু পরিবার এবং এতিমখানাসমূহে উন্নতমানের খাবার পরিবেশন।	সুবিধামত সময়ে	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগাছা, রংপুর এবং এতিমখানা কর্তৃপক্ষ, পীরগাছা, রংপুর।
৪.	ঈদ-উল-ফিতরের প্রাক্কালে শহরে বা উপজেলার অন্যান্য স্থানে যেন আতশবাজি/পটকা ফুটানো না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে।	-	অফিসার ইনচার্জ, পীরগাছা থানা, রংপুর এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পীরগাছা, রংপুর।
৫.	ঈদের পূর্বদিন থেকে নিশ্চিত নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে হবে। নিরাপত্তা জোরদারকরণের জন্য সমন্বয়ের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করতে হবে।	-	অফিসার ইনচার্জ, পীরগাছা থানা, রংপুর।


গৃহীত সিদ্ধান্তসমূহ:

- ১) সংশ্লিষ্ট ঈদগাহ মাঠ কমিটি জামায়াত অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২) ঈদগাহ মাঠে নামাজ আদায়কারীগণের সুবিধার্থে প্রয়োজনীয় চট/চটের বিছানা/চাদোয়া/প্লাস্টিক বিছানা সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঈদগাহ মাঠ কর্তৃপক্ষ কে অনুরোধ করা হলো।
- ৩) ঈদগাহ মাঠের জামায়াতে প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য ঈদগাহ মাঠ কর্তৃপক্ষ কে অনুরোধ করা হলো।
- ৪) ঈদগাহ মাঠের নিশ্চিত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পীরগাছা থানা এবং অফিসার ইনচার্জ, মাহিগঞ্জ থানা, রংপুর কে অনুরোধ করা হলো।
- ৫) ঈদের জামায়াতের খুতবা চলাকালীন কোন প্রতিষ্ঠানের নামে (গামছা, টুপি, বুমালা দিয়ে) কোন চাঁদা আদায় করা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পীরগাছা থানা, রংপুর এবং ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পীরগাছা, রংপুর কে অনুরোধ করা হয়।
- ৬) ঈদের দিন তাৎক্ষণিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে মেডিকেল ক্যাম্প স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগাছা, রংপুর কে অনুরোধ করা হয়।

৭) ঈদের দিন অগ্নি নির্বাপন ব্যবস্থাসহ অন্যান্য দুর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগাছা, রংপুর কে অনুরোধ করা হয়।

৮) ঈদের জামায়াত চলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম (পল্লীবিদ্যুৎ), পীরগাছা, রংপুর কে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উল্লিখিত কর্মসূচি/সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা রাখার আহবান জানিয়ে এবং পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ নাজমুল হক সুমন
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং-০৫.০৫৫.৮৫৭৩.০০১.০০.০০০.২৩- ৬০৪

তারিখ: ০৫/০৪/২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ১। মাননীয় সংসদ-সদস্য ২২, রংপুর-৪ (পীরগাছা-কাউনিয়া নির্বাচনী এলাকা)
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৫। উপজেলা অফিসার, পীরগাছা, রংপুর।
- ৬। সভাপতি/সম্পাদক পীরগাছা, রংপুর।
- ৭। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড কাউন্সিল, পীরগাছা, রংপুর।
- ৮। চেয়ারম্যান.....(সকল), পীরগাছা, রংপুর।
- ৯। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, পীরগাছা, রংপুর।
- ১০। জনাব পীরগাছা, রংপুর।


উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর